শেষের পাতা
সংবাদের সাথে প্রতিমুহূর্ত
দৈনিক আমার বার্তা
The Daily Amar Barta
আজ বুধবার | ঢাকা ■ ১১ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ ■ ১২ রবিঃ আউঃ ১৪৪৮ হিজরি | ২৬ আগস্ট ২০২৬

# মাদক পরিবহনে ব্যবহার হচ্ছে কুরিয়ার সার্ভিস

নিজস্ব প্রতিবেদক

দেশজুড়েই মাদক পরিবহনে কুরিয়ার সার্ভিসকে ব্যবহার করা হচ্ছে। ফলে দেশ বা বিদেশ থেকে আসা সব ধরনের মাদকই নীরবে নগর থেকে গ্রামে ছড়িয়ে পড়ছে। আর বেশির ভাগ ক্ষেত্রেই আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী অন্ধকারে থাকছে। কুরিয়ারে পাঠানো মাদকের চালানের খুব অল্পই ধরা পড়ে। পাশাপাশি মাদকের মূলহোতারাও আইনের আওতার বাইরে থেকে যাচ্ছে। মূলত যথাযথ নজরদারির অভাবেই কুরিয়ার সার্ভিসগুলো মাদক চোরাচালানের নিরাপদ ও প্রধান হাতিয়ার হয়ে উঠেছে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর সংশ্লিষ্ট সূত্রে এসব তথ্য জানা যায়।
সংশ্লিষ্ট সূত্র মতে, বর্তমানে মাদক কারবারিদের কাছ থেকে খুব সহজেই সব ধরনের মাদক মাদকসেবীর হাতে নিরাপদে পৌঁছে যাচ্ছে। ঘরে বসে অনলাইন কিংবা ফোনকলে অর্ডার দিলেই হয়রানি ছাড়াই মাদক মিলছে। আর ডার্ক ওয়েব ও মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে টাকা লেনদেন হচ্ছে। সেক্ষেত্রে কুরিয়ার সার্ভিসগুলো মাদক পাচারের নিরাপদ রুট হয়ে উঠছে। সব ধরনের মাদক পরিবহনেই কুরিয়ার সার্ভিস ব্যবহার করা হচ্ছে। এ ক্ষেত্রে জড়িত দেশি-বিদেশি চক্র।



- যথাযথ নজরদারির অভাবেই কুরিয়ার সার্ভিস হয়ে উঠেছে মাদক চোরাচালানের নিরাপদ ও প্রধান হাতিয়া
- ডার্ক ওয়েব ও মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে টাকা লেনদেন হচ্ছে

**মাদকের বিরুদ্ধে ডিএনসির অবস্থান জিরো টলারেন্স অভিযোগ পেলেই অভিযান চালানো হচ্ছে**
–মুকুল জ্যোতি চাকমা, *ডিএনসির উপপরিচালক (অপাশেনস)*

কুরিয়ার সার্ভিসের মাধ্যমে দেশের অভ্যন্তরীণ ছাড়াও বিদেশে মাদক পাচার হচ্ছে। অনেক সময়ই পাচারকারীরা মাদকের ট্রানজিট হিসেবে বাংলাদেশকে ব্যবহার করেছে। কিন্তু কুরিয়ার সার্ভিসগুলোতে মাদক শনাক্তকরণ মেশিন না থাকায় কোন চালানে কী আছে সার্ভিস অপারেটররা তা জানতে পারে না। তবে বিশেষজ্ঞদের মতে, জবাবদিহিতার অভাবে কুরিয়ার সার্ভিসের মাধ্যমে ক্রমেই মাদকের চালান বেড়ে চলেছে।
● পৃষ্ঠা ২ কলাম ১

## রাষ্ট্রপতির মির্জা ফখরুল ইসলামের ঠাকুরগাঁও সফর স্থগিত

নিজস্ব প্রতিবেদক

নবনির্বাচিত রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীরের ঠাকুরগাঁও সফর স্থগিত করা হয়েছে। আগামী ৩০ ও ৩১ আগস্ট দুই দিনের সফরে তার নিজ জেলা ঠাকুরগাঁওয়ে যাওয়ার কথা ছিল।
গতকাল মঙ্গলবার বিকেলে বিষয়টি নিশ্চিত করেছেন ঠাকুরগাঁওয়ের জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট মোহাম্মদ রফিকুল হক।
জেলা প্রশাসক বলেন, মহামান্য রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীরের আগামী ৩০ ও ৩১ আগস্ট ঠাকুরগাঁও সফরের কথা ছিল। অনিবার্য কারণে সফরটি স্থগিত করা হয়েছে। তবে আগামী এক-দুই দিনের মধ্যে নতুন
● পৃষ্ঠা ২ কলাম ১



গতকাল দুপুরে খোলা ট্রাকে করে গাজীপুরের শ্রীপুরে সাফারি পার্কের আনা হয় হাতি (সম্রাট বাহাদুর আর নিহারকলিকে) –আমার বার্তা

# ফের সাফারি পার্কে ফিরলো ‘সম্রাট বাহাদুর’ ও ‘নিহারকলি’

শ্রীপুর (গাজীপুর) প্রতিনিধি

গাজীপুরের শ্রীপুরে সাফারি পার্কে ফের ফিরে আসলো ‘সম্রাট বাহাদুর’ ও ‘নিহারকলি’। এর আগে সাফারি পার্ক থেকে নিয়ে লালনপালনকারীদের জিম্মায় দেওয়া হয় হাতি দুটিকে। কিন্তু মাত্র ১২ দিন পর জটিলতা সৃষ্টি হলে ফের হাতি জোড়া সম্রাট বাহাদুর আর নিহারকলিকে সাফারি পার্কে ফিরিয়ে আনার নির্দেশ আসে।
লালনপালনকারীদের জিম্মায় থাকাকালে জিম্মাকারীরা শর্ত ভঙ্গ করায় তাদের আবারও সাফারি পার্কে ফিরিয়ে আনা হয়। এর আগের লালনপালনকারীদের জিম্মায় দেওয়া হয় হাতি দুটিকে। তবে কদিন যেতে না যেতেই লালনপালনকারীদের শর্ত ভঙ্গ করেন। তাই হাতি দুটির নিরাপত্তা আর স্বাস্থ্যের কথা বিবেচনা করে ফিরিয়ে আনা হয়েছে সাফারি পার্কে। হাতি দুটি উদ্ধারের নির্দেশ দেন মন্ত্রী।
এদিকে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী আবদুল আউয়াল মিন্টুর নির্দেশে কর্মকর্তারা অভিযান চালিয়ে হাতি দুটিকে উদ্ধার করে সাফারি পার্কে নিয়ে আসেন। গতকাল মঙ্গলবার দুপুরে খোলা ট্রাকে করে গাজীপুর সাফারি পার্কের আনা হয় হাতি (সম্রাট বাহাদুর আর নিহারকলি) দুটিকে। পরে পার্কে রেখে হাতি দুটির স্বাস্থ্য
● পৃষ্ঠা ২ কলাম ১

## স্বরাষ্ট্রমন্ত্রীর সঙ্গে ইউএনডিপির আবাসিক প্রতিনিধির সাক্ষাৎ

নিজস্ব প্রতিবেদক

ইউএনডিপি বাংলাদেশের আইনি ও বিচারিক সংস্কার, সংবিধান সংশোধনসহ সার্বিক সংস্কার প্রক্রিয়ায় পূর্ণ সহযোগিতা করতে চায় বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহ উদ্দিন আহমদ। গতকাল মঙ্গলবার সকালে সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মন্ত্রীর অফিসকক্ষে জাতিসংঘ উন্নয়ন কর্মসূচির (ইউএনডিপি) আবাসিক প্রতিনিধি স্টিফেন রড্রিগেজ সৌজন্য সাক্ষাৎ করতে এলে তিনি এ সহযোগিতার
● পৃষ্ঠা ২ কলাম ১




স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদের সঙ্গে গতকাল ঢাকায় মন্ত্রণালয়ে তাঁর অফিসকক্ষে বাংলাদেশে ইউএনডিপি’র আবাসিক প্রতিনিধি স্টিফেন রড্রিগেজ সৌজন্য সাক্ষাৎ করেন –আমার বার্তা

## বাণিজ্যিক কোচিং কার্যক্রমে সম্পৃক্ত হতে পারবেন না বিচারকরা

নিজস্ব প্রতিবেদক

জুডিসিয়াল সার্ভিসের কোনো সদস্য প্রত্যক্ষ বা পরোক্ষভাবে বাণিজ্যিক ভিত্তিতে পরিচালিত সরাসরি বা ডিজিটাল প্ল্যাটফর্মে কোচিং কার্যক্রমের সঙ্গে সম্পৃক্ত হতে পারবেন না।
গতকাল মঙ্গলবার সুপ্রিম কোর্ট প্রশাসনের জারিকৃত পরিপত্র থেকে এ তথ্য জানা গেছে। প্রধান বিচারপতির অনুমোদনক্রমে গত ২৪ আগস্ট এ পরিপত্র জারি করা হয়।
পরিপত্রে বলা হয়েছে, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসে (অতঃপর সার্ভিস হিসেবে উল্লেখিত) কর্মরত সদস্যগণের পেশাগত শৃঙ্খলা, নিরপেক্ষতা ও মর্যাদা সমুন্নত রাখা এবং বিচার বিভাগের প্রতি জনগণের সুদৃঢ় আস্থা অক্ষুণ্ন রাখার লক্ষ্যে বাণিজ্যিক ভিত্তিতে
● পৃষ্ঠা ২ কলাম ২

## কাঁচামাল আমদানিতে সুযোগ বাড়িয়ে নতুন আমদানি নীতি আদেশ জারি

নিজস্ব প্রতিবেদক

ঋণপত্র বা এলসির পাশাপাশি এখন থেকে মূল্যসীমা ছাড়াই ক্রয়-বিক্রয় চুক্তির মাধ্যমে পণ্য আমদানির সুযোগ পাচ্ছেন দেশের শিল্প ও বাণিজ্যিক প্রতিষ্ঠানের আমদানিকারকেরা। একই সঙ্গে মুক্ত বাণিজ্য অঞ্চল ও কেন্দ্রীয় বন্ডেড গুদাম প্রতিষ্ঠার বিধান, প্রবাসী বাংলাদেশিদের শিল্পে বিনিয়োগের জন্য আমদানি সুবিধা এবং রফতানিমুখী শিল্পে কাঁচামাল আমদানির সুযোগ সম্প্রসারণ করে নতুন আমদানি নীতি আদেশ ২০২৬-২০২৯ জারি করেছে সরকার। গত ২৪ আগস্ট বাণিজ্য মন্ত্রণালয় নতুন আমদানি নীতি আদেশের গেজেট প্রকাশ করে। নতুন নীতিতে আমদানি ব্যবস্থাকে আধুনিক আন্তর্জাতিক বাণিজ্যচর্চার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ করার পাশাপাশি ব্যবসা সহজীকরণ, রফতানি সম্প্রসারণ, বিনিয়োগ আকর্ষণ এবং শিল্পের জন্য কাঁচামালের সহজলভ্যতার ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। নতুন নীতির সবচেয়ে গুরুত্বপূর্ণ পরিবর্তন হলো, এলসির পাশাপাশি ক্রয় বা বিক্রয় চুক্তির ভিত্তিতে পণ্য আমদানির সুযোগ সম্প্রসারণ। আগের আমদানি নীতি আদেশ ২০২১২০২৪-এ এলসি ছাড়া ক্রয়-বিক্রয় চুক্তির মাধ্যমে আমদানির সুযোগ থাকলেও বিভিন্ন পণ্য ও খাতের ক্ষেত্রে নির্দিষ্ট সীমা ও শর্ত ছিল। বিশেষ করে বাণিজ্যিক আমদানিকারকেরা বাংলাদেশ থেকে অর্থ পরিশোধ করে এলসি ছাড়া বছরে সর্বোচ্চ ৫ লাখ
● পৃষ্ঠা ২ কলাম ২

## বিশ্বমানবের নিকট অসাধারণ আলোকবর্তিকা মহানবী (সা.) –রিজভী

নিজস্ব প্রতিবেদক

বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব রুহুল কবির রিজভী বলেছেন, পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সা.) এর পবিত্র দিনে বিশ্বজগতে এক সর্বশ্রেষ্ঠ মহামানব মহানবী হযরত মুহাম্মদ (সা.)-এর আবির্ভাব হয়। তিনি বিশ্বমানবের নিকট এক অসাধারণ আলোকবর্তিকা। গতকাল মঙ্গলবার পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সা.) উপলক্ষে দেওয়া এক বাণীতে তিনি এসব কথা বলেন। রিজভী বলেন, মহানবীর শুভাগমনে সারা দুনিয়ায়
● পৃষ্ঠা ২ কলাম ২

খালেদা জিয়ার গাড়িবহরে হামলা মামলা

## হাতকাটা কাশেম ৫ দিনের রিমান্ডে

নিজস্ব প্রতিবেদক

সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার গাড়িবহরে হামলা ও হত্যাচেষ্টা মামলায় তেজগাঁও থানা শ্রমিকলীগের সভাপতি মো. আবুল কাশেম পাটোয়ারী ওরফে ‘হাতকাটা কাশেমকে’ ৫ দিনের রিমান্ডে নেওয়ার অনুমতি দিয়েছেন আদালত। গতকাল মঙ্গলবার ঢাকা মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আরিফুল ইসলাম এ আদেশ দেন। এর আগে মামলার তদন্ত কর্মকর্তা তেজগাঁও থানার পুলিশ পরিদর্শক আবদুল
● পৃষ্ঠা ২ কলাম ২

গভর্নরের সঙ্গে বৈঠকে সিদ্ধান্ত

## সম্মিলিত ইসলামী ব্যাংকের গ্রাহকরা প্রয়োজনীয় টাকা তুলতে পারবেন সেপ্টেম্বর থেকে

নিজস্ব প্রতিবেদক

দুর্বল পাঁচ ব্যাংক মিলে গঠিত সম্মিলিত ইসলামী ব্যাংকের আমানতে ‘হেয়ারকাট’ থাকছে না। এসব ব্যাংকের আমানতের বিপরীতে ২০০৪ ও ২০২৫ সালের জন্য ঘোষিত মুনাফার একটি অংশ না দেওয়ার সিদ্ধান্ত থেকে সরে এলে বাংলাদেশ ব্যাংক। একই সাথে আগামী ১ সেপ্টেম্বর থেকে যেন ব্যক্তি আমানতকারীরা প্রয়োজনীয় টাকা তুলতে পারেন সে ব্যবস্থা করতে হবে। গতকাল মঙ্গলবার বাংলাদেশ ব্যাংকের গভর্নর মোস্তাকুর রহমানের সঙ্গে সম্মিলিত ইসলামী ব্যাংকের বৈঠকে এসব সিদ্ধান্ত হয়।
গভর্নর কক্ষে অনুষ্ঠিত বৈঠকে সম্মিলিত ইসলামী ব্যাংকের চেয়ারম্যান কাজী শায়রুল হাসান ও ব্যবস্থাপনা পরিচালক আবেদুর রহমান সিকদার অংশ নেন। এ সময় বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর ড. মো. হাবিবুর রহমান, ড. মো. কবির আহাম্মদ, মো. সরোয়ার
● পৃষ্ঠা ২ কলাম ৩

## প্রধানমন্ত্রী বিটিভিকে বিশ্বাসযোগ্য চ্যানেল হিসেবে দেখতে চান –ডিজি

নিজস্ব প্রতিবেদক

প্রধানমন্ত্রী তারেক রহমান বাংলাদেশ টেলিভিশনকে (বিটিভি) বিশ্বাসযোগ্য, আধুনিক চ্যানেল ও জনআস্থার চ্যানেল হিসেবে দেখতে চান বলে জানিয়েছেন বিটিভির মহাপরিচালক কাজী জেসিন। গত ৬ আগস্ট মহাপরিচালক (গ্রেড-১) পদে চুক্তিভিত্তিক নিয়োগ পেয়েছেন তিনি। এর মধ্যে প্রধানমন্ত্রী সঙ্গে সাক্ষাৎ করেন কাজী জেসিন।
গতকাল মঙ্গলবার সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকের এক
● পৃষ্ঠা ২ কলাম ৩

## আইনগত সহায়তা, সামাজিক সুরক্ষা-ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর কল্যাণে সরকারের নতুন উদ্যোগ

নিজস্ব প্রতিবেদক


দেশের সুবিধাবঞ্চিত নারী, শিশু ও ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর সামাজিক সুরক্ষা, পুনর্বাসন, ন্যায়বিচার প্রাপ্তি এবং সমন্বিত সেবা নিশ্চিত করতে আন্তঃপ্রাতিষ্ঠানিক সহযোগিতার অংশ হিসেবে এক ত্রিপক্ষীয় সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন ‘সমাজসেবা অধিদপ্তর’, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন ‘মহিলা বিষয়ক অধিদপ্তর’ এবং আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন ‘বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর’র মধ্যে এ সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়।
গতকাল মঙ্গলবার মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে এই ত্রিপক্ষীয় সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। এ সময় উপস্থিত ছিলেন মহিলা ও শিশু বিষয়ক এবং সমাজকল্যাণ মন্ত্রী অধ্যাপক ডা. এ জেড এম জাহিদ হোসেন, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী মো. আসাদুজ্জামান এবং সমাজকল্যাণ প্রতিমন্ত্রী মিজ ফারজানা শারমীন। এ সময় আরও উপস্থিত ছিলেন সমাজকল্যাণ সচিব ড. মোহাম্মদ আবু ইউছুফ, মহিলা ও শিশু বিষয়ক সচিব ইয়াসমীন পারভীন, এনডিসি এবং আইন ও বিচার বিভাগের সচিব লিয়াকত আলী মোল্লা। সমঝোতা স্মারকে নিজ নিজ সংস্থার পক্ষে স্বাক্ষর করেন বাংলাদেশ আইনগত সহায়তা প্রদান সংস্থার মহাপরিচালক মো. মঞ্জুরুল হোসেন, সমাজসেবা অধিদপ্তরের মহাপরিচালক শাহ মোহাম্মদ মাহ্?বুব এবং মহিলা বিষয়ক অধিদপ্তরের মহাপরিচালক শায়লা শার্মিন জামান।
মহিলা ও শিশু বিষয়ক এবং সমাজকল্যাণ মন্ত্রী অধ্যাপক ডা. এ জেড এম জাহিদ
● পৃষ্ঠা ২ কলাম ৩

## আছিয়া ধর্ষণ ও হত্যায় হাইকোর্টের রায় পিছিয়ে ৩১ আগস্ট

নিজস্ব প্রতিবেদক

বহুল আলোচিত মাগুরার আট বছরের শিশু আছিয়া হত্যা ও ধর্ষণ মামলায় আসামি হিটু শেখের ডেথ রেফারেন্স ও আপিলের ওপর রায়ের দিন পিছিয়ে আগামী ৩১ আগস্ট দিন ধার্য করেছেন হাইকোর্ট। রাষ্ট্রপক্ষের সময় আবেদনের পরিপ্রেক্ষিতে গতকাল মঙ্গলবার বিচারপতি ভীষ্মদেব চক্রবর্তী ও বিচারপতি কে এম রাশেদুজ্জামান রাজার সমন্বয়ে গঠিত
● পৃষ্ঠা ২ কলাম ৩

## হেলথ টিপস্




## হাঁটুর লিগামেন্ট ইনজুরিতে চিকিৎসা কী



ডা. এম ইয়াছিন আলী

হাঁটুর লিগামেন্ট ইনজুরি আমাদের শরীরের অন্যতম সাধারণ ও জটিল আঘাতের মধ্যে একটি। হাঁটুর চারপাশে চারটি প্রধান লিগামেন্ট থাকে- অ্যান্টেরিয়র ক্রুসিয়েট লিগামেন্ট (অঈখ), পোস্টেরিয়র ক্রুসিয়েট লিগামেন্ট (PCL), মেডিয়াল কোলাটারাল লিগামেন্ট (MCL) এবং ল্যাটেরাল কোলাটারাল লিগামেন্ট (LCL)। এগুলোর কাজ হলো হাঁটুর স্থিতিশীলতা বজায় রাখা এবং পায়ের নড়াচড়া নিয়ন্ত্রণ করা।
**লিগামেন্ট ইনজুরির কারণ:** হাঁটুর লিগামেন্টে ইনজুরি সাধারণত হয় হঠাৎ মোচড়ানো, পড়ে যাওয়া, দুর্ঘটনা, বা খেলাধুলার সময় ভুল ভঙ্গির কারণে। বিশেষ করে ফুটবল, বাস্কেটবল, ক্রিকেট বা স্কিইং-এর মতো খেলায় হঠাৎ দিক পরিবর্তন বা লাফিয়ে নামার সময় হাঁটুর ওপর অস্বাভাবিক চাপ পড়লে অঈখ বা গঈখ ইনজুরি হওয়ার ঝুঁকি বেড়ে যায়। সিঁড়ি ওঠানামা, ভারী বস্তু তোলা কিংবা রাস্তায় পিছলে পড়াও হাঁটুর লিগামেন্টে ক্ষতি করতে পারে।
**লিগামেন্ট ইনজুরির লক্ষণ:** লিগামেন্ট ছিঁড়ে গেলে বা টান পড়লে তাৎক্ষণিকভাবে তীব্র ব্যথা অনুভূত হয়
● পৃষ্ঠা ২ কলাম ৪

## পাল্লা দিয়ে জামায়াত ও শিবির নেতাকর্মীরা অপকর্মে সম্পৃক্ত হচ্ছে –রাশেদ খাঁন

নিজস্ব প্রতিবেদক

অন্তর্বর্তীকালীন সরকারের সময় তাদের এত অপকর্ম গণমাধ্যমে আসেনি। কিন্তু এখন পাল্লা দিয়ে জামায়াত-শিবিরের নেতাকর্মীরা অপকর্মে সম্পৃক্ত হচ্ছে– এমন মন্তব্য করেছেন বিএনপি নেতা ও প্রধানমন্ত্রীর রাজনৈতিক সহকারী রাশেদ খাঁন। গতকাল মঙ্গলবার নিজের ভেরিফায়েড ফেসবুক আইডিতে দেওয়া এক পোস্টে তিনি এমন মন্তব্য করেন।
ফেসবুক পোস্টে তিনি লেখেন, অন্তর্বর্তীকালীন সরকারের ১৮ মাসে এনসিপির নেতাকর্মী ও সমন্বয়কদের দাপট দেখেছি। প্রতিদিন গণমাধ্যমের খবর হয়েছে কোনো না কোনো নেতা।
যেকারণে শহীদ ওসমান হাদি এনসিপির ৩টা অপরাধ চিহ্নিত করেছিলেন– ১। এনসিপি জুলাই ঐক্য বিনষ্ট করে ২। আওয়ামী লীগের ৭১’ কুক্ষিগত করার ন্যায় এনসিপি জুলাইকে কুক্ষিগত করেছে ৩। এনসিপি দুর্নীতি করেছে ইত্যাদি। তবে যাইহোক ইদানিং সেটা
● পৃষ্ঠা ২ কলাম ৩




দেশের সুবিধাবঞ্চিত নারী, শিশু ও ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর সামাজিক সুরক্ষা, পুনর্বাসন, ন্যায়বিচার প্রাপ্তি এবং সমন্বিত সেবা নিশ্চিতে গতকাল মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে ত্রিপক্ষীয় সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। এ সময় উপস্থিত ছিলেন মহিলা ও শিশু বিষয়ক এবং সমাজকল্যাণ মন্ত্রী অধ্যাপক ডা. এ জেড এম জাহিদ হোসেন, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী মো. আসাদুজ্জামান এবং সমাজকল্যাণ প্রতিমন্ত্রী মিজ ফারজানা শারমীন –আমার বার্তা

## ১৫ আগস্টে নাশকতার পরিকল্পনা আরও ২২ জন রিমান্ডে

নিজস্ব প্রতিবেদক

১৫ আগস্ট ঘিরে নাশকতার পরিকল্পনার অভিযোগে ঢাকার বসুন্ধরার আবাসিক এলাকা থেকে গ্রেপ্তার কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ ও এর অঙ্গ সংগঠনের আরও ২২ জনকে জিজ্ঞাসাবাদের জন্য তিন দিনের রিমান্ড দিয়েছে আদালত। তদন্ত কর্মকর্তার আবেদনের প্রেক্ষিতে গতকাল মঙ্গলবার ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আরিফুর রহমান রিমান্ডের আদেশ দেন।
● পৃষ্ঠা ২ কলাম ৪

## জাপানি ভাষা শিখে বিনা খরচে বিদেশে চাকরির সুযোগ ডিপ্লোমা প্রকৌশলীদের

নিজস্ব প্রতিবেদক

জাপানি ভাষা শিক্ষার মাধ্যমে দেশের ডিপ্লোমা প্রকৌশলীদের জন্য বিনা খরচে আন্তর্জাতিক মানের কর্মসংস্থানের এক নতুন দিগন্ত উন্মোচিত হয়েছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা উপদেষ্টা মাহদী আমিন।
গতকাল মঙ্গলবার দুপুরে সচিবালয়ে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সভাকক্ষে আয়োজিত এক পর্যালোচনা সভায় প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখপাত্র ও উপদেষ্টা মাহদী
● পৃষ্ঠা ২ কলাম ৪




গতকাল সচিবালয়ে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সভাকক্ষে পর্যালোচনা সভায় বক্তব্য রাখেন প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখপাত্র ও উপদেষ্টা মাহদী –আমার বার্তা

একরাম হত্যা মামলা

## বদি-মিফতাহসহ কারাগারে ৪ জন

নিজস্ব প্রতিবেদক

কক্সবাজারের টেকনাফে ক্রসফায়ারে কাউন্সিলর একরামুল হক হত্যার ঘটনায় করা মানবতাবিরোধী অপরাধের মামলায় কক্সবাজার-৪ আসনের সাবেক সংসদ সদস্য আবদুর রহমান বদিসহ চার আসামিকে গ্রেপ্তার দেখিয়ে কারাগারে পাঠানোর নির্দেশ দিয়েছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। একই সঙ্গে এ মামলায় পলাতক ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ সাতজনকে আত্মসমর্পণের জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের
● পৃষ্ঠা ২ কলাম ৪

## একযোগে ৪৬ শিক্ষক বদলিতে ক্ষুব্ধ আইডিয়ালের শিক্ষক-অভিভাবকরা

নিজস্ব প্রতিবেদক

রাজধানীর ঐতিহ্যবাহী মতিঝিল আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজের মূল শাখা থেকে একযোগে ৪৬ শিক্ষককে অন্য শাখা ও শিফটে বদলি করা হয়েছে। এ নিয়ে প্রতিষ্ঠানটিতে ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। ক্ষোভ প্রকাশ করেছেন সংশ্লিষ্টরা। রোববার রাত সাড়ে ১১টার দিকে হঠাৎ এসব শিক্ষকের বদলির আদেশ জারি করা হয়।
সংশ্লিষ্ট শিক্ষকরা জানান, বদলি হওয়া শিক্ষকদের মতিঝিল মূল শাখা থেকে বনশ্রী ও মুগদা শাখার বাংলা ও ইংরেজি ভার্সনে দায়িত্ব দেওয়া হয়েছে। বদলি হওয়া কয়েকজন শিক্ষক প্রতিষ্ঠানের এই সিদ্ধান্ত নিয়ে প্রশ্ন তুলেছেন। তাদের অভিযোগ– বদলির পেছনে রাজনৈতিক কারণ বিবেচনায় নেওয়া হয়েছে। তাছাড়া এই প্রতিষ্ঠানে সক্রিয় দুটি শিক্ষক গ্রুপ রয়েছে এবং বাকিদের কোন গ্রুপ নেই। আর্থিক লেনদেনের
● পৃষ্ঠা ২ কলাম ৫

সম্পাদক : মোঃ জসিম উদ্দিন। নির্বাহী সম্পাদক : আবু বকর সিদ্দিক। সম্পাদক কর্তৃক প্রকাশিত বিএস প্রিন্টিং প্রেস ৫২/২ টয়েনবি সার্কুলার রোড, সূত্রাপুর, ঢাকা থেকে মুদ্রিত, **প্রধান কার্যালয় :** সায়হাম স্কাইভিউ টাওয়ার (৯ম তলা), ৪৫ বিজয় নগর, ঢাকা-১০০০, ফোন : ৮৩৯২৬৬১, ৮৩৯২৬৬২, বিজ্ঞাপন বিভাগ : ৮৩৯২৬৬৫, মফস্বল : ৮৩৯২৬৬৪, ই-মেইল : dailyamarbarta@gmail.com, adamarbarta@gmail.com